

আপনার NY 529 ডিরেক্ট প্ল্যান অ্যাকাউন্টে কীভাবে অনলাইনে জমা করবেন

আপনার যদি NY 529 ডিরেক্ট প্ল্যান অ্যাকাউন্ট থাকে তবে আপনি nysaves.org-এ আপনার অ্যাকাউন্টে লগ ইন করে সহজেই অনলাইনে অর্থ জমা করতে পারবেন। শুরু করার আগে আপনার যা জানা দরকার:

প্রয়োজনীয় সময়: প্রায় 15 মিনিট

আপনার যা প্রয়োজন হবে:

- ➔ আপনার nysaves.org-এর ইউজার নেম ও পাসওয়ার্ড।
- ➔ দ্বি-গুণ প্রমাণীকরণের জন্য, আপনার অ্যাকাউন্টের সাথে যুক্ত ফোন
- ➔ আপনি যে অ্যাকাউন্টটিতে জমা করতে চান সেই অ্যাকাউন্টের জন্য রাউটিং নম্বর এবং অ্যাকাউন্ট নম্বর

অনলাইন জমা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য:

- ➔ 529 বিনিয়োগের পরিকল্পনাগুলিতে (Investment Plans) জমা "অবদান" হিসাবে পরিচিত।
- ➔ অনলাইন জমার প্রয়োজনীয় সর্বনিম্ন পরিমাণ \$1।
- ➔ আপনার NY 529 ডিরেক্ট প্ল্যান অ্যাকাউন্টে অনলাইনে জমা দিতে আপনার একটি বৈধ মার্কিন যুক্তরাষ্ট্র চেকিং বা সেভিংস অ্যাকাউন্ট দরকার হবে।
- ➔ আপনি ব্যক্তিগত চেক বা মানি অর্ডার ব্যবহার করেও অবদান রাখতে পারেন - নির্দেশাবলীর জন্য কীভাবে আপনার NY 529 -ডিরেক্ট প্ল্যান অ্যাকাউন্ট-এ আপনার চেক বা মানি অর্ডার জমা দিতে হবে দেখুন।
- ➔ আপনার 529 অ্যাকাউন্টটি আপনার অনুমতি ছাড়া আপনার লিঙ্কযুক্ত চেকিং বা সেভিংস অ্যাকাউন্ট থেকে অর্থ গ্রহণ করতে পারে না। এমনকি আপনি যদি রেকারিং অবদান সক্ষম করে থাকেন তবে কীভাবে এবং কখন আপনার 529 অ্যাকাউন্টে অর্থ স্থানান্তরিত হয় তার উপর সর্বদা আপনার নিয়ন্ত্রণ থাকবে।
- ➔ আপনি এককভাবে বা রেকারিং ভাবে অবদান রাখতে পারেন, এর মানে হল প্রতি মাসে স্বয়ংক্রিয় ভাবে জমা বা প্রতি তিন মাসে জমা হবে তা আপনার নির্বাচনের ওপর নির্ভর করে। এটি একটি স্বয়ংক্রিয় বিনিয়োগ পরিকল্পনা (Automatic Investment Plan) হিসাবেও পরিচিত।
- ➔ আপনি যদি একটি স্বয়ংক্রিয় বিনিয়োগ পরিকল্পনা তৈরি করতে চান, আপনি সর্বদা nysaves.org-এ উপভোক্তার বিশদ পৃষ্ঠাতে গিয়ে এবং "রেকারিং অবদানগুলি পরিচালনা করুন" নির্বাচন করে আপনার স্বয়ংক্রিয় জমা পরিবর্তন বা বাতিল করতে পারেন।
- ➔ আরও জানার জন্য, নিউ ইয়র্কের 529 কলেজ সেভিংস প্রোগ্রাম (College Savings Program) 877-697-2837.-এ যোগাযোগ করুন।

NYC Kids RISE Inc. দ্বারা পরিচালিত NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম একটি স্কলারশিপ ও সেভিং কর্মসূচি, যা একটি অলাভজনক সংস্থা, যা NYC শিক্ষাদপ্তর (Department of Education) ও নিউ ইয়র্ক সিটির সঙ্গে অংশীদারিত্বে রয়েছে। NYC Kids RISE নিউ ইয়র্কের 529 কলেজ সেভিং প্রোগ্রাম (529 College Savings Program)-এর সঙ্গে সম্পর্কযুক্ত নয় ও সেটির অনুমোদিত ডিস্ট্রিবিউটরও নয় এবং এটি কোনো বিনিয়োগ চায় না বা বিনিয়োগের পরামর্শও প্রদান করে না। নিউ ইয়র্ক সিটি এবং NYC শিক্ষাদপ্তর কোনো সমর্থন বা সুপারিশ প্রস্তাব দেয় না এবং NY 529 প্রোগ্রাম ম্যানেজার ও কোলও নির্দিষ্ট কলেজ সেভিং বা অন্য বিনিয়োগগুলিকে নিয়ন্ত্রণ করে না, এগুলি গ্রহণ করা না অথবা এগুলির সঙ্গে সংযুক্তি ঘটায় না, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে এমনকিছু যা পরিবারগুলি সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে শিখতে পারে।